# আরডিএ নিউজলেটার




মুজিব শতবর্ষ MUJIB 100

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর সাময়িকী

খন্ড ২৪ | সংখ্যা ০১ | অক্টোবর ২০২০

www.rda.gov.bd


## আরডিএ বগুড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ পালিত



পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভির্যের সাথে জাতির পিতা স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ পালিত হয়েছে।

সুর্যোদয়ের সাথে সাথে একাডেমীর প্রশাসনিক ভবনের সামনে আরডিএ, বগুড়ার সম্মানিত ভারপ্রাপ্ত অতিরিক্ত মহাপরিচালক জনাব সুফিয়া নাজিম কর্তৃক জাতীয় পতাকা অর্ধনমিত করার মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি শুরু হয়। সকাল ৬:৩০ মিনিটে তাঁর নেতৃত্বে সরকারি স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে শোক র‍্যালির আয়োজন করা হয় এবং জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসের কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে একাডেমী কর্তৃক গৃহিত কর্মসূচির অংশ হিসেবে ভার্চুয়াল প্লাটফম ব্যবহার করে "বঙ্গবন্ধু: স্বাধীনতার রূপকার" শীর্ষক আলোচনা সভা আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন একাডেমীর পরিচালক (প্রশিক্ষণ) ড. সমীর কুমার সরকার। প্রধান অতিথি হিসেবে সংযুক্ত ছিলেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ আফজাল হোসেন। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, "জাতির পিতার আজন্ম লালিত স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্র মুক্ত সুখী সুন্দর বাংলাদেশ নির্মাণ। ১৫ই আগষ্ট ১৯৭৫ সালে সেই স্বপ্নকে ধ্বংস করতে সপরিবারে তাঁকে হত্যা করে পৃথিবীর ইতিহাসে বর্বরোচিত ঘটনার জন্ম দেয়া হয়। জাতির জন্য এটি ছিল অপূরণীয় এক ক্ষতি। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া জাতির পিতার স্বপ্ন পূরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।"

*(৬ষ্ঠপৃষ্ঠায় দ্রষ্টব্য)*

## কৃষি জমির আইল উঠিয়ে দিয়ে সমবায় ভিত্তিক যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণার আওতায় ধান কাটার উদ্বোধনী অনুষ্ঠান



*ধান কাটার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি, বগুড়া-৫ আসনের মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোঃ হাবিবর রহমান এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ রেজাউল আহসান*

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক গবেষণাধীন 'কৃষি জমির আইল উঠিয়ে দিয়ে সমবায় ভিত্তিক যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণার ধান কাটার উদ্বোধনী অনুষ্ঠান ২৬ নভেম্বর ২০১৯ তারিখে বগুড়া জেলার শেরপুর উপজেলার চকপাথালিয়া গ্রামে অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি। বিশেষ অতিথি *(৭ম পৃষ্ঠায়)*



## আরডিএ, বগুড়ার মহাপরিচালক হিসেবে খলিল আহমদ এর দায়িত্ব গ্রহণ

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ করেছেন জনাব খলিল আহমদ, অতিরিক্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। ৮ অক্টোবর ২০২০ তারিখে তিনি আরডিএ, বগুড়ার মহাপরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। বর্তমান পদে যোগদানের পূর্বে তিনি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন। তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১১তম ব্যাচের একজন কর্মকর্তা হিসেবে ১৯৯৩ সালের ১ এপ্রিল বাংলাদেশ সিভিল সার্ভিসে (৬ষ্ঠ পৃঃ দ্রঃ)



# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদযাপন

## আরডিএ বগুড়ার মহাপরিচালক কর্তৃক ফলজ গাছের চারা বিতরণ




*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ উদযাপনের অংশ হিসেবে ফলজ গাছের চারা বিতরণ করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আফজাল হোসেন*

## মুজিব বর্ষ ও জাতীয় শোক দিবস উদযাপনের অংশ হিসেবে আরডিএ, বগুড়া কর্তৃক গাছের চারা বিতরণ

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গববন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ উদযাপনের অংশ হিসেবে আরডিএ বগুড়া কর্তৃক বিআরডিবি, সমবায় অধিদপ্তর, পিডিবিএফ, এসএফডিএফ ও আমার বাড়ি আমার খামার প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের মধ্যে ১২ হাজার ফলজ গাছের চারা বিতরণ করা হয়। এছাড়াও আরডিএ, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের উপকারভোগীদের মাঝেও এসব ফলজ গাছের চারা বিতরণ করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে আরডিএ, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক জনাব সুফিয়া নাজিম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।




গাছের চারা বিতরণ অনুষ্ঠানটি সার্বিকভাবে সমন্বয় করেন আরডিএ, বগুড়ার পরিচালক (কৃষি বিজ্ঞান) জনাব আবদুল্লাহ আল মামুন। এসময় আরডিএ, বগুড়ার অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বছরব্যাপী আরডিএ, বগুড়ার মৎস্য হ্যাচারীর মাধ্যমে এক লক্ষ মৎস্য পোনা উৎপাদন এবং ১০,০০০ ফলদ ও বনজ চারা উৎপাদন, পরিবহন ও গ্রামাঞ্চলে রোপণের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। এরই অংশ হিসেবে ২২ জুন, ২০২০ তারিখে দরিদ্র কৃষক ও মৎস্য চাষীদের মাঝে গাছের চারা এবং মাছের পোনা বিতরণ করা হয়।

## মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে আরডিএ, বগুড়া কর্তৃক মৎস্য চাষীদের মাঝে মাছের পোনা বিতরণ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক ১৯ জুলাই ২০২০ তারিখে ক্ষুদ্র মৎস্য চাষীদের মাঝে প্রায় বিশ হাজার মাছের পোনা বিতরণ করা হয়েছে। বগুড়া জেলার শেরপুর উপজেলার খামারকান্দী ইউনিয়নের চ্যাংগাড়ী বিল এবং শাহজাহানপুর উপজেলার আমরুল ইউনিয়নের সোনাইডাংগা বিল দুটিতে অবমুক্ত করার জন্যে এই মাছের পোনা দেওয়া হয়েছে। করোনাজনিত উদ্ভূত পরিস্থিতিতে সরকারি স্বাস্থ্যবিধি মেনে মাছের পোনা বিতরণ অনুষ্ঠানটি পরিচালনা করা হয়েছে।

আরডিএ, বগুড়ার পরিচালক (কৃষি বিজ্ঞান) জনাব আবদুল্লাহ আল মামুন এর নেতৃত্বে মাছের পোনা বিতরণ কার্যক্রমটি পরিচালিত হয়েছে। এসময় তিনি বলেন, "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আরডিএ, বগুড়া কর্তৃক মৎস্য চাষীদের মাঝে মাছের পোনা বিতরণের উদ্যোগ হিসেবে উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করার মাধ্যমে দেশে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে এবং দরিদ্র জনগণের ভাগ্যোন্নয়ন করা সম্ভব হবে।"

মাছের পোনা বিতরণকালে উপস্থিত ছিলেন শেরপুর উপজেলার মৎস্য অধিদপ্তরের সম্প্রসারণ কর্মকর্তা জনাব নাজমুস সাকিব, মাঠ সহকারী বকুল কুমার ঘোষ। আরডিএ, বগুড়ার যুগ্ম -পরিচালক ও ফার্ম ইনচার্জ জনাব মাকছুদ আলম খান মাছের পোনা বিতরণ কার্যক্রমটি তত্ত্বাবধান করেন। এসময় আরো উপস্থিত ছিলেন একাডেমীর যুগ্ম -পরিচালক (প্রশাসন) জনাব খালিদ আওরঙ্গজেব, উপ-পরিচালক ও প্রোটকল অফিসার জনাব মোঃ মহিউদ্দিন, ফার্ম ম্যানেজার জনাব মোঃ আব্দুল খালেক এবং কর্মচারী ইউনিয়নের সভাপতি ক্বারী মোঃ আব্দুর রাজ্জাক। চ্যাংগাড়ী বিলের পক্ষে ঝাঝড় মৎসজীবী সমবায় সমিতির সভাপতি জনাব শ্রী অবিনাশ চন্দ্র হালদার ও সোনাইডাংগা বিলের পক্ষে সোনাইডাংগা মৎসজীবী সমবায় সমিতির ক্যাশিয়ার জনাব জাহিদুর রহমান মাছের পোনা গ্রহণ করেন।

আরডিএ
নিউজলেটার







আরডিএ, বগুড়ার ৪৭তম বোর্ড সভার সভাপতি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি এঁর সাথে উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ

## "আমার গ্রাম-আমার শহর" গবেষণা

"আমার গ্রাম-আমার শহর" বিনির্মাণে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক পরিচালিত গবেষণার ফলাফল সমৃদ্ধকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত জাতীয় কর্মশালা সিরডাপ মিলনায়তন, ঢাকায় ২৫ জানুয়ারি, ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়।



*কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য প্রদান করছেন মন্ত্রিপরিষদ বিভাগের সম্মানিত মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম*

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের সম্মানিত মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম।

কর্মশালায় সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ রেজাউল আহসান এবং স্বাগত বক্তব্য প্রদান করেন একই বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আফজাল হোসেন।

কর্মশালাটিতে "আমার গ্রাম-আমার শহর" গবেষণায় প্রাপ্ত সুপারিশ বাস্তবায়নে করণীয় বিষয় সম্পর্কে উপস্থাপনা প্রদান করেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আমিনুল ইসলাম।

গ্রাম উন্নয়ন সম্পর্কিত জাতীয় প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া "আমার গ্রাম-আমার শহর" বিনির্মাণে সরকারকে নীতি নির্ধারণী সহযোগীতা প্রদানের লক্ষ্যে বিষয়টির নীতি-নির্ধারণী গুরুত্ব অনুধাবন করে দ্রুততম সময়ে ১৭টি দলে ৩৮ জন গবেষকের মাধ্যমে জাতি গঠনমূলক ১৭টি বিষয়ে গবেষণা প্রতিবেদন প্রণয়ন করে।

উল্লেখ্য, গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা, গ্রামীণ নিরাপদ পানি ব্যবস্থা, গ্রামীণ জ্বালানি ও বিদ্যুৎ ব্যবস্থা, গ্রামীণ তথ্য ও যোগাযোগ ব্যবস্থা, গ্রামীণ বাসস্থান, স্যানিটেশন ও বর্জ্য ব্যবস্থাপনা, গ্রামীণ শিক্ষা ব্যবস্থা, গ্রামীণ স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা, গ্রামীণ জনগোষ্ঠির আর্থিক সেবা খাতে অর্ন্তভূক্তি, গ্রামীণ সামাজিক প্রতিষ্ঠান ও নাগরিক পরিষেবা, গ্রামীণ উদ্যোক্তা উন্নয়ন ও কর্মসংস্থান, গ্রামীণ বাজার ব্যবস্থা, গ্রামীণ নিরাপত্তা ও বিচার ব্যবস্থা, গ্রামীণ সামাজিক নিরাপত্তা, গ্রামীণ দূর্যোগ ব্যবস্থাপনা (৬ষ্ঠ পৃঃ দ্রঃ)

## আরডিএ, বগুড়ার পরিচালনা বোর্ডের ৪৭তম সভা অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার পরিচালনা বোর্ডের ৪৭তম সভা ১৫ সেপ্টেম্বর ২০১৯ বাংলাদেশ সচিবালয়, ঢাকার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি। সভার কার্যপত্র উপস্থাপন করেন আরডিএর প্রয়াত মহাপরিচালক ও পরিচালনা বোর্ডের সদস্য-সচিব জনাব মোঃ আমিনুল ইসলাম (অতিরিক্ত সচিব)। এছাড়াও সভায় পরিচালনা বোর্ডের ১২ জন সদস্য উপস্থিত ছিলেন।

## আরডিএর ৩০তম বার্ষিক পরিকল্পনা সম্মেলন

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় প্রতিষ্ঠানটির ৩০তম বার্ষিক পরিকল্পনা সম্মেলন ২০২০ অনুষ্ঠিত হয়েছে। আরডিএ, বগুড়ার সার্বিক কর্মকাণ্ড সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিয়মিতভাবে বার্ষিক পরিকল্পনা সম্মেলন আয়োজন করা হয়। এরই ধারাবাহিকতায় বিগত ২০১৯-২০ অর্থবছরের কার্যক্রম পর্যালোচনা ও আগামী অর্থবছরের জন্য একটি কার্যকর কর্ম-পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ৩০তম বার্ষিক পরিকল্পনা সম্মেলন ১৭-১৮ অক্টোবর, ২০২০ আরডিএ, বগুড়ার আইটি সেন্টারে অনুষ্ঠিত হবে। দুই দিনব্যাপি অনুষ্ঠিত একাডেমীর বার্ষিক পরিকল্পনা সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ রেজাউল আহসান। আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত ৩০তম বার্ষিক পরিকল্পনা সম্মেলনে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত থাকবেন ড. চারডাক ভিরাপাত, মহাপরিচালক, সেন্টার অন ইন্টিগ্রেটেড রুরাল ডেভেলপমেন্ট ফর এশিয়া এ্যান্ড দ্যা প্যাসিফিক (সিরডাপ), ঢাকা এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব মোঃ জিয়াউল হক, জেলা প্রশাসক, বগুড়া। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির (৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## শুভেচ্ছা ও অভিনন্দন



পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার সম্মানিত মহাপরিচালক এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আফজাল হোসেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ায় আরডিএ, বগুড়ার সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন।





# আরডিএ বগুড়ায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় দিবসসমূহ উদযাপিত



*আরডিএ, বগুড়ায় ১৬ ডিসেম্বর ২০১৯ মহান বিজয় দিবসে জাতীয় পতাকা উত্তোলন করেন মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আমিনুল ইসলাম*



*আরডিএ, বগুড়ায় ১৭ মার্চ ২০২০ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী ও জাতীয় জাতীয় শিশু দিবস যথাযথ মর্যাদায় পালিত*




*আরডিএ, বগুড়ায় ২১ ফেব্রুয়ারি ২০২০ মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস যথাযথ মর্যাদায় পালিত*




*আরডিএ, বগুড়ায় বর্নাঢ্য আয়োজনে বাংলা নববর্ষ ১৪২৬ উদযাপিত*

## Introduction to Formulation and Analysis of Business Plans and Small Investment Projects Training Workshop বিষয়ক আর্ন্তজাতিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় এফএও এর আয়োজনে Introduction to Formulation and Analysis of Business Plans and Small Investment Projects Training Workshop বিষয়ক আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। । ৫ দিন মেয়াদি উক্ত কোর্সের ২টি ব্যাচে মোট ৫৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## SAARC regional training on "developing regional agri-business and product development" বিষয়ক আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

সার্ক ডেভেলোপমেন্ট ফান্ডের অর্থায়নে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'য় SAARC regional training on "developing regional agri-business and product development" under livelihood enhancement project বিষয়ক আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। ৪ দিন মেয়াদি উক্ত কোর্সে ৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## ৩০তম বার্ষিক পরিকল্পনা সম্মেলন

**(৩য় পৃষ্ঠার পর)** আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিশেষ অতিথি বগুড়া-৫ আসনের মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা জনাব হাবিবর রহমান। একাডেমীর ৩০তম বার্ষিক পরিকল্পনা সম্মেলনের কনভেনরের দায়িত্ব পালন করছেন জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম-পরিচালক (গবেষণা ও মূল্যায়ন বিভাগ), আরডিএ, বগুড়া। অনুষ্ঠানে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার সম্মানিত পরিচালকবৃন্দ, অনুষদ সদস্যবৃন্দ, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে আগত শিক্ষকবৃন্দ, বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান থেকে আগত ব্যক্তিবর্গ, গবেষক, বিশেষজ্ঞসহ একাডেমীর সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ যথাযথ স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত থাকবেন ।





## আরডিএ, বগুড়ায় বিসিএস ক্যাডার কর্মকর্তাদের ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত



পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় জন প্রশাসন মন্ত্রণালয়, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার ও পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার যৌথ উদ্যোগে আরডিএ, বগুড়ায় ২৭ অক্টোবর, ২০১৯ হতে ২৩ এপ্রিল, ২০২০ পর্যন্ত ০৬ মাস মেয়াদে বিসিএস ক্যাডার কর্মকর্তাদের ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। ছয় মাস মেয়াদি কোর্সটিতে ৭টি ক্যাডারের মোট ৫৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) ও সাবেক মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়। সভাপতিত্ব করেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আমিনুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ড. মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া, এমডিএস, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ড. এ.বি.এম. শরীফ উদ্দিন, অতিরিক্ত মহাপরিচালক, আরডিএ, বগুড়া, জনাব মোঃ ফয়েজ আহমেদ, জেলা প্রশাসক, বগুড়া এবং জনাব আলী আশরাফ ভূঞা, পুলিশ সুপার, বগুড়া। কোর্সটিতে কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন ড. মোঃ আব্দুর রশিদ, পরিচালক (খামার প্রযুক্তি, সেচ ও পানি সম্পদ ব্যবস্থাপনা বিভাগ), সহযোগী কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন ড. মোঃ শফিকুর রশিদ (যুগ্ম পরিচালক) এবং কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করেন যথাক্রমে নূর মোহাম্মদ (সহকারী পরিচালক) ও মোঃ আব্দুল আলিম (সহকারী পরিচালক)।

## আরডিএ, বগুড়ায় ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন সংযুক্তি কার্যক্রম অনুষ্ঠিত



*পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় বিসিএস ক্যাডার কর্মকর্তাদের ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন সংযুক্তি কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে ৫ দিন মেয়াদে অনুষ্ঠিত কোর্সটির ১০টি ব্যাচে মোট ৮৩৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।*



*জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম)-এ অনুষ্ঠানরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভূক্ত কর্মকর্তাবৃন্দ*

## নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল) এর কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় দুই মাস মেয়াদী (১৬ ফেব্রুয়ারি-১৫ এপ্রিল ২০২০) "নিউক্লিয়ার প্ল্যান্ট পাওয়ার কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল) এর কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ" অনুষ্ঠিত হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান ডাঃ মোঃ সানোয়ার হোসেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ আমিনুল ইসলাম। কোর্সটির কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন মোঃ আব্দুস সামাদ, পরিচালক (প্রশাসন); কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন যথাক্রমে মোঃ খালিদ আওরঙ্গজেব (যুগ্ম-পরিচালক), শেখ শাহ্‌রিয়ার মোহাম্মদ (উপ-পরিচালক) ও শুভাগত বাগচী (উপ-পরিচালক), বগুড়া।

## Herd Production and Health Program বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) প্রকল্প এর কর্মকর্তাদের Herd Production and Health Program বিষয়ে প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। ৫ দিন মেয়াদি উক্ত কোর্সের ২১ টি ব্যাচে মোট ৬৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## নায়েম, ঢাকা কর্তৃক পরিচালিত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পল্লী উন্নয়ন ও দারিদ্র হ্রাসকরণ সংযুক্তি কার্যক্রম

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম)-এ অনুষ্ঠানরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভূক্ত কর্মকর্তাদের ৫ দিন মেয়াদী ১৫৬ তম ও ১৫৭ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পল্লী উন্নয়ন ও দারিদ্র হ্রাসকরণ শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রম পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে অনুষ্ঠিত ৫ দিন মেয়াদে অনুষ্ঠিত ৫টি ব্যাচে মোট ৩৮৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।





## আরডিএ, বগুড়ায় উপজেলা পরিষদের পরিকল্পনা ও সেবা প্রদান সংক্রান্ত মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত



পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় উপজলো পরিষদের পরকিল্পনা ও সেবা প্রদান সংক্রান্ত মৌলিক প্রশক্ষিণ কোর্স ১২ নভেম্বর, ২০১৯ হতে সফলভাবে চলমান রয়েছে। আরডিএ, বগুড়ায় এ পর্যন্ত সম্পন্ন হওয়া ৪৫টি ব্যাচে সর্বমোট ১,৬৫৫ জন (পুরুষ ১,৪৩৮, মহিলা ২১৭) প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণ কোর্সে ১৭১টি উপজেলার ১২৫ জন উপজেলা চেয়ারম্যান, ৯৩ জন উপজেলা নির্বাহী কর্মকর্তা, ২৯৪ জন ভাইস চেয়ারম্যান (পুরুষ ১৫০, মহিলা ১৪৪), ১২৮ জন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ১৫২ জন উপজেলা কৃষি কর্মকর্তা, ১৩৭ জন উপজেলা প্রকৌশলী, ১১১ জন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ১৬৬ জন উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ৪৪৯ জন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অংশগ্রহণ করেন।

## "সেল্ফ হেল্প গ্রুপ" মডেল এর আওতায় বিভিন্ন ট্রেডভিত্তিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

"সেল্ফ হেল্প গ্রুপ" মডেল এর আওতায় ০৩ নভেম্বর - ১৭ ডিসেম্বর, ২০১৯ মেয়াদে বিভিন্ন ট্রেডভিত্তিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ আমিনুল ইসলাম। পরিচালক (প্রশিক্ষণ) ড. সমীর কুমার সরকারের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোঃ আব্দুস সামাদ, পরিচালক (প্রশাসন)। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যমুনা স্পেসটেক জয়েন্ট ভেঞ্চার এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ তৌফিক-উজ-জামান, বগুড়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির সহঃ সভাপতি জনাব মোঃ এনামুল হক (দুলাল), আকবারিয়া এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ হাসান আলী আলাল, সিপি বাংলাদেশ প্রতিনিধি জনাব মাহমুদুর রহমান, কোয়ালিটি ফিডস এর জসীম উদ্দিন বিপ্লব। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রশিক্ষণ কোর্সটির ফোকাল পারসন ড. মোঃ আব্দুল মজিদ, যুগ্ম-পরিচালক, আরডিএ, বগুড়া। "সেল্ফ হেল্প গ্রুপ" মডেল এর আওতায় ট্রেডভিত্তিক প্রশিক্ষণ কোর্সটিতে ছয়টি ট্রেডে (১. হাউজ কিপিং; ২. প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং; ৩. ইলেকট্রিক্যাল; ৪. ড্রাইভিং; ৫. হেয়ার ড্রেসিং; ৬. খাদ্য প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকরণ) মোট ১০৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## "আমার গ্রাম-আমার শহর" গবেষণা

(৩য় পৃষ্ঠার পর) ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা, গ্রামীণ শিশু ও নারী উন্নয়ন, গ্রামীণ মানব সম্পদ উন্নয়ন, গ্রামীণ যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ে গবেষণা করা হয়। গবেষণাটি গুণবাচক পদ্ধতিতে পরিচালনা করা হয়েছে এবং গবেষণার তথ্য সংগ্রহের জন্য বিশ্ব উন্নয়ন সূচক অনুসারে বাংলাদেশের গ্রামীণ সমাজকে বিশ্লেষণ করার জন্য ১৭টি সেক্টরে তথ্য সংগ্রহ করা হয়েছে।

## ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের উপকারভোগীদের প্রশিক্ষণ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর আওতাধীন টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প ও পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার যৌথ উদ্যোগে আয়োজিত TOT: Basic Cooperative, Institutional (WMCA), Micro Credit and Accounts Management, FMC Formation, WMCA By-Laws Drafting প্রশিক্ষণ কোর্সের ১৩টি ব্যাচের প্রশিক্ষণ আরডিএ, বগুড়ায় অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণ কোর্সে মোট ৩৭৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## আরডিএ, বগুড়ার মহাপরিচালক হিসেবে খলিল আহমদ এর দায়িত্ব গ্রহণ

(১ম পৃষ্ঠার পর) প্রথম যোগদান করেন। তিনি মাঠ প্রশাসনে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভূমি), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ে ও স্থানীয় সরকার বিভাগের উপ-সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের দায়িত্ব পালনকালে প্রতিষ্ঠানটির ২০১০-২০১৮ মেয়াদে প্রথমবারের মত বার্ষিক গবেষণা প্রতিবেদন সম্পাদনাসহ ই-বুক হিসেবে প্রকাশ করেন। শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০২০ এর আওতায় ২০১৭-১৮ অর্থবছরে তিনি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের শ্রেষ্ঠ কর্মকর্তা হিসেবে স্বীকৃতি অর্জন করেন।

## আরডিএ বগুড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের

(১ম পৃষ্ঠার পর) মাননীয় প্রধানমন্ত্রীর সাথে কণ্ঠ মিলিয়ে তিনি শোককে শক্তিতে পরিণত করে দৃঢ় চিত্তে দেশের উন্নয়নে কাজ করে যাওয়ার জন্য সবার প্রতি আহবান জানান। আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে সংযুক্ত ছিলেন আরডিএ, বগুড়ার সম্মানিত অতিরিক্ত মহাপরিচালক জনাব সুফিয়া নাজিম। এছাড়াও আলোচনা সভায় একাডেমীর সকল পরিচালক, অনুষদ সদস্য, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ অংশগ্রহণ করেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপনের অংশ হিসেবে আরডিএ বগুড়া কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রকল্পের উপকারভোগীদের মাঝে আম, পেয়ারা, লেবু ও জাম গাছের চারা বিতরণ করা হয়। এছাড়াও বিআরডিবি, সমবায়, পিডিবিএফ, এসএফডিএফ ও এবিএকে প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের মাঝে ১২,০০০ ফলজ গাছের চারা প্রদান করা হয়।

এরপর দুপুরে একাডেমী জামে মসজিদে দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাত এর আয়োজন করা হয়। এছাড়াও, ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবঃ স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে রচনা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, অন্যান্য প্রতিযোগিতা এবং আলোচনা সভার আয়োজন করেন। বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থসমূহ থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## আরডিএ পরিবারে গভীর শোক

(শেষ পৃষ্ঠার পর) এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ৮ম বিসিএস এর মাধ্যমে প্রশাসন ক্যাডারে ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর চাকরিতে যোগদান করেন। বর্ণাঢ্য চাকরি জীবনে তিনি সহকারি কমিশনার; সহকারি কমিশনার (ভূমি), বোয়ালিয়া, রাজশাহী; উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর; অতিরিক্ত জেলা প্রশাসক, কুমিল্লা; জেলা প্রশাসক, সিরাজগঞ্জ; উপসচিব, খাদ্য মন্ত্রণালয়; পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ; অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজশাহী হিসেবে অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। জনাব আমিনুল ইসলাম চাকরি জীবনে একজন কর্তব্য পরায়ন, সৎ, দক্ষ, অমায়িক ও মানবিক গুণাবলী সম্পন্ন কর্মকর্তা হিসেবে সকলের নিকট সমাদৃত ছিলেন। পেশাগত দায়িত্ব পালনে তাঁর অনুকরণীয় কর্মনিষ্ঠা, বলিষ্ঠ নেতৃত্ব এবং আকর্ষনীয় ব্যক্তিত্বের জন্য আরডিএ, বগুড়ার সকল স্তরের কর্মকর্তা কর্মচারীসহ আরডিএ পরিবার তাঁকে গভীর শ্রদ্ধা ও শোকার্ত চিত্তে স্মরণ করছে এবং ভবিষ্যতেও কৃতজ্ঞতা চিত্তে স্মরণ রাখবে।

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার সকল কর্মকর্তা-কর্মচারী তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছে এবং পরম করুণাময়ের নিকট তাঁর বিদেহী আত্মার মাগফেরাত ও চির শান্তি কামনা করেন।





# করোনা ভাইরাস প্রতিরোধে আরডিএর উদ্যোগ

*আরডিএ, বগুড়ার তৎকালীন মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আমিনুল ইসলাম দশমাইল বাজার এলাকায় সর্বসাধারণের মধ্যে করোনা ভাইরাস প্রতিরোধে কী করণীয় তা উদ্বুদ্ধকরণের জন্য লিফলেট বিতরণ করছেন*






# কৃষি জমির আইল উঠিয়ে দিয়ে সমবায় ভিত্তিক যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা

**(১ম পৃষ্ঠার পর)** হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি এবং জনাব মোঃ হাবিবর রহমান, এমপি, বগুড়া-৫। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ রেজাউল আহসান। ধান কাটা অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে রয়েছেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক জনাব মোঃ আমিনুল ইসলাম (অতিরিক্ত সচিব)। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বগুড়ার জেলা প্রশাসক জনাব ফয়েজ আহাম্মদ, পুলিশ সুপার জনাব মোঃ আলী আশরাফ ভূঞা এবং শেরপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব আলহাজ্ব মজিবর রহমান মজনু।

উল্লেখ্য ৪ এপ্রিল, ২০১৯ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক প্রতিবারের মতো আয়োজিত আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা '৯ম এগ্রো-টেক বাংলাদেশ- ২০১৯' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এলজিআরডি মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি বলেন, বিভিন্ন দেশে এখন অনেক আধুনিক কৃষি যন্ত্রপাতি ও প্রযুক্তি আছে যেগুলো আমরা কাজে লাগাতে পারলে একদিকে যেমন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে তেমনি দারিদ্র বিমোচনে সহায়ক হবে। কিন্তু বাংলাদেশে বিভিন্ন আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি ব্যবহারের অন্যতম বড় একটি প্রতিবন্ধকতা হলো জমির খন্ড খন্ড আইল। তিনি পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়াকে কীভাবে জমির আইল তুলে দিয়ে সমবায় ভিত্তিতে যান্ত্রিক চাষাবাদ শুরু করা যায় সে বিষয়ে একটি গবেষণা করতে বলেন।

পরবর্তীতে আরডিএ, বগুড়ার মহাপরিচালক জনাব মোঃ আমিনুল ইসলাম (অতিরিক্ত সচিব) দ্রুত একটি উন্নয়ন কর্ম-পরিকল্পনা হাতে নেন এবং 'কৃষি জমির আইল উঠিয়ে দিয়ে সমবায় ভিত্তিক যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা' প্রকল্পের কাজ শুরু করেন। এই গবেষণা প্রকল্পের মূল উদ্দেশ্য হল কৃষি জমির আইল উঠিয়ে দিয়ে অব্যবহৃত উর্বর জমিকে কৃষি খাতের আওতায় নিয়ে আসা; সমবায় ভিত্তিক চাষাবাদের মাধ্যমে উৎপাদন খাতে (যেমন- শ্রম, সেচ, বীজ, সার, কীটনাশক) ব্যয় কমিয়ে আনা; সমবায় ভিত্তিক চাষাবাদের মাধ্যমে অবশিষ্ট জনশক্তিকে প্রশিক্ষণ পূর্বক অকৃষি খাতে নুতন কর্ম-সংস্থান সৃষ্টি করা; বিভিন্ন ধরণের আধুনিক কৃষি প্রযুক্তি (যেমন- দ্বি-স্তর বিশিষ্ট কৃষি, পানি সাশ্রয়ী প্রযুক্তি ও কৃষি যান্ত্রিকীকরণ) হস্তান্তরের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি করা, কৃষি দল ভিত্তিক উৎপাদনসহ আধুনিক ভূমি ব্যবস্থাপনা নিশ্চিত করা।

এরই ধারাবাহিকতায় পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তা গ্রামবাসীদের সাথে পর্যালোচনা সভা, উদ্বুদ্ধকরণ ও স্বতঃস্ফুর্ত অংশগ্রহণের মাধ্যমে জমির আইল উঠিয়ে দিয়ে যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদ কাজ শুরু হয়। গবেষণা প্রকল্পটির পাইলটিং এলাকায় মোট ৬২টি প্লট ছিল। এই ৬২ টি প্লটের মোট আয়তন ৭৫৮ শতক। এর মধ্যে সর্বনিম্ন মাত্র ২.৫ শতকের প্লট ও ছোট ছোট প্লট ছিল। পরবর্তীতে সেচের পানি ধরে রাখার সুবিধাসহ অন্যান্য বিষয় বিবেচনায় নিয়ে ৬২টি কৃষি জমির আইল তুলে দিয়ে ১৬টি বড় কৃষি প্লট তৈরি করা হয়েছে। এই ৬২টি কৃষি জমির মালিক হলেন মোট ৪২ জন গ্রামবাসী যারা চকপাথালিয়া ও পাশ্ববর্তী ফুলবাড়ি গ্রামে বসবাস করেন। প্রাথমিক পর্যায়ে কৃষকদের কৃষি যন্ত্রপাতি ব্যবহারে আগ্রহী করে তুলতে এবং তাদের সরেজমিনে ফলাফল দেখানোর জন্য আরডিএ গবেষণার অংশ হিসেবে ট্রাক্টর, ধানের চারা উৎপাদনের যন্ত্র বীজ রোপন ও চারা তৈরি, মেশিন দিয়ে ধানের চারা লাগানো এবং মেশিন দিয়ে ধান কাটা-মাড়াই ও ঝাড়াই এর কাজে সহযোগিতা করছে। এতে কৃষি শ্রমিকের খরচ হ্রাস পাচ্ছে এবং বিঘা প্রতি ধানের উৎপাদন ৩/৪ মন বৃদ্ধি পাচ্ছে। ফলে ধান উৎপাদনে একদিকে ৩০-৪০% খরচ হ্রাস পাচ্ছে এবং অন্যদিকে ধানের উৎপাদন বৃদ্ধিতে বিঘা প্রতি ২২০০-২৪০০ টাকা লাভ হচ্ছে। এভাবে, প্রতিটি কাজে যন্ত্রপাতির ব্যবহারের মাধ্যমে কৃষকের উৎপাদন খরচও হ্রাস পাচ্ছে।

দল বা সমবায় ভিত্তিক চাষাবাদে কৃষকদের সংগঠিত হওয়া একটি অনন্য দৃষ্টান্ত। এভাবে একটি সমবায় ব্যবস্থাপনা ভিত্তিক কৃষি উৎপাদন ব্যবস্থা গড়ে উঠবে বলে আশা করা যায়, যার মাধ্যমে উক্ত এলাকার কৃষকরা উপকৃত হবেন। আরডিএ বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন কৃষি জমির আইল উঠিয়ে দিয়ে সমবায় ভিত্তিক যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি শীর্ষক গবেষণাটি একটি পাইলট প্রকল্প। প্রকল্পটির সফলতার মাধ্যমে বাংলাদেশব্যাপি এই প্রযুক্তিটি সম্প্রসারণের মাধ্যমে কৃষি উৎপাদনশীলতায় নতুন দিগন্ত উন্মোচনের দ্বারা উন্নত বাংলাদেশ বিনির্মানের পথে আরো একধাপ এগিয়ে যাবে বাংলাদেশ।

# আরডিএ নিউজলেটার



পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর সাময়িকী

খন্ড ২৪ | সংখ্যা ০১ | অক্টোবর ২০২০ www.rda.gov.bd


## সম্পাদকীয়

*পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের অন্যতম একটি প্রশিক্ষণ ও গবেষণাধর্মী প্রতিষ্ঠান যা নিরবিচ্ছিন্নভাবে পল্লী উন্নয়নে বহুমাত্রিক কার্যক্রম পরিচালনা করে চলেছে। এর পাশাপাশি বিভিন্ন ধরনের টেকসই ও সবুজ মডেল উদ্ভাবন এবং এর সম্প্রসারণে সক্রিয় ভূমিকা রাখছে। এ একাডেমী কৃষি উন্নয়ন ও গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থানের উন্নয়নের পাশাপাশি পরিবেশ সংরক্ষণ ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলার লক্ষ্যে সচেতনতামূলক ও দক্ষতা বৃদ্ধিকরণ প্রশিক্ষণ এবং উদ্ভাবনী গবেষণা ও প্রায়োগিক গবেষণা প্রকল্প পরিচালনা করে যা সরকারের ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ ও ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্য এবং আন্তর্জাতিক ক্ষেত্রে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) পূরণে অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে প্রতীয়মান হচ্ছে। চলমান করোনা ভাইরাস পরিস্থিতি যে বৈশ্বিক মহামারী আকারে রূপ নিয়েছে এর বিরূপ প্রভাব আরডিএ-র স্বাভাবিক কর্মকান্ডের ওপর পড়ে। আমি অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, একাডেমীর তৎকালীন মহাপরিচালক জনাব আমিনুল ইসলাম কোভিড-১৯ পরবর্তী জটিলতায় মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যু শুধুমাত্র আরডিএ-র জন্য অপরসীম ক্ষতির কারণ নয়, দেশ হারিয়েছে একজন দক্ষ, কর্মঠ ও সুদূর প্রসারী নীতিনির্ধারককে। যাইহোক, আরডিএ করোনা পরিস্থিতিকে আমলে রেখে সকল স্বাস্থ্যবিধি মেনে চলে এর কার্যক্রমকে স্বাভাবিক করছে। এর মধ্যেই আমরা দরিদ্র কৃষকদের মধ্যে গাছের চারা ও মাছের পোনা বিতরণের মাধ্যমে অনাড়ম্বরভাবে মুজিববর্ষ উদযাপন করছি। ইতোমধ্যে আরডিএ-তে নতুন মহাপরিচালক যোগদান করেছেন। আমি বিশ্বাস করি তাঁর সঠিক নেতৃত্বে আরডিএ-র চলমান কার্যক্রম আরো বেগবান হবে। বর্তমান নিউজলেটারটি একাডেমীর সাম্প্রতিক কর্মকান্ডের খানিকটা তুলে ধরার প্রয়াস পেয়েছে। আশা রাখছি যে, সম্মানিত পাঠকগণ বাংলাদেশে পল্লী উন্নয়ন খাতে আরডিএ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ সম্পর্কে জেনে উপকৃত ও আনন্দিত হবেন।*

*ড. শেখ মেহ্‌দী মোহাম্মদ*

## আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আমিনুল ইসলামের অকাল মৃত্যুতে আরডিএ পরিবারে গভীর শোক

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আমিনুল ইসলাম (পরিচিতি নং ৫৩৫১) গত ১১ জুলাই, ২০২০ তারিখ রোজ শনিবার সকাল ০৯:৩০ ঘটিকায় করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়ে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে মৃত্যু বরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর এবং তিনি স্ত্রী ও দুই সন্তান রেখে গেছেন। তাঁর অকাল মৃত্যুতে আরডিএ, বগুড়ার সকল স্তরের কর্মকর্তা কর্মচারিসহ আরডিএ পরিবার গভীরভাবে মর্মাহত ও শোকাভিভূত।



*আমিনুল ইসলাম*

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় মহাপরিচালক হিসেবে জনাব আমিনুল ইসলাম গত ০৬ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে যোগদান করেন। যোগদানের স্বল্প সময়ের মধ্যে সরকারের নীতি ও নির্বাচনী ইশতেহারের আলোকে অনেকগুলো গুরুত্বপূর্ণ কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে নেতৃত্ব প্রদান করেন। এর মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম হলো বর্তমান সরকারের অন্যতম নির্বাচনী অঙ্গীকার "আমার গ্রাম আমার শহর" বাস্তবায়নে নীতি নির্ধারণী গবেষণা পরিচালনা করা। তাঁর সুযোগ্য নেতৃত্বে গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন সংক্রান্ত গবেষণা ও প্রায়োগিক গবেষণা এবং জীবন ও জীবিকা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচিসহ বিসিএস ক্যাডার কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আরডিএতে অত্যন্ত সফলতার সাথে বাস্তবায়িত হয়েছে।

পেশাগত উৎকর্ষতার স্বীকৃতি স্বরূপ সম্প্রতি জনাব আমিনুল ইসলাম পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের 'নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা' ক্যাটাগরিতে "শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০" অর্জন করেন। পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি তিনি জনকল্যাণমূলক কর্মকান্ডেও সমানভাবে সক্রিয় ছিলেন। গুণী এই ব্যক্তিত্ব সামাজিক আন্দোলন স্কাউটিং কার্যক্রমের সাথে নিবিড়ভাবে যুক্ত ছিলেন এবং বিগত পাঁচ বছরেরও অধিককাল যাবত বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চলের আঞ্চলিক সম্পাদক হিসেবে দায়িত্বরত ছিলেন।

জনাব আমিনুল ইসলাম ১৯৬২ সালের ১৯ জুলাই পাবনা জেলার হেমায়েতপুরে *(৬ষ্ঠ পৃষ্ঠায় দ্রষ্টব্য)*


সম্পাদক : ড. শেখ মেহ্‌দী মোহাম্মদ, যুগ্ম-পরিচালক

সহযোগী সম্পাদক : নুশরাত জাহান, সহকারী পরিচালক

আলোকচিত্র : মোঃ মহিত-উল-আলম

প্রকাশনায় : মহাপরিচালক

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

পোঃ আরডিএ-৫৮৪২, বগুড়া, বাংলাদেশ

ফোনঃ ৮৮০-৫১-৭৮৬০১ (পিএবিএক্স); ফ্যাক্সঃ ৮৮০-৫১-৭৮৬০৩

মোবাইল ফোনঃ ০১৭১৩-২০০ ৯৩৭


*মুদ্রণঃ শাহেরা প্রিন্টিং প্রেস, বগুড়া।*